
তারিখ 2 5 DEC 2017
পৃষ্ঠা ২ কলাম ২



শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রোববার রাজধানীর আগারগাঁওয়ে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট প্রাঙ্গণে জাতীয় স্কিলস কম্পিটিশন ২০১৭ উদ্বোধনের পর বিভিন্ন স্টল ঘুরে দেখেন
» সমকাল

### স্কিলস কম্পিটিশন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# কারিগরি শিক্ষাকে উন্নয়নের হাতিয়ার বানানো হবে

**■ সমকাল প্রতিবেদক**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কারিগরি শিক্ষাকে দেশের উন্নয়নের অন্যতম হাতিয়ার বানানো হবে। বিশাল জনসংখ্যার এ দেশকে এগিয়ে নিতে হলে সবাইকে প্রযুক্তিগত দক্ষতা অর্জন করতে হবে।

গতকাল রোববার রাজধানীর আগারগাঁওয়ে 'ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট' আয়োজিত জাতীয় 'স্কিলস কম্পিটিশন ২০১৭'-এর চূড়ান্ত পর্বের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

দেশের কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রকল্প নিয়ে অনুষ্ঠিত হয় জাতীয় স্কিলস কম্পিটিশন। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন 'স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ)' ২০১৪ সাল থেকে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তি বিকাশের লক্ষ্যে এ প্রতিযোগিতার আয়োজন করে আসছে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তৃতা করেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব একেএম জাকির হোসেন ভূঞা, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশন্স অফিসার ড. মো. মোখলেছুর রহমান এবং স্টেপ প্রকল্প পরিচালক এবিএম আজাদ। শিক্ষামন্ত্রী

পৃষ্ঠা ৪ : কলাম ৬

## কারিগরি শিক্ষাকে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী খুলনার হোপ পলিটেকনিক ইনস্টিটিউট, দ্বিতীয় স্থান অর্জনকারী গাজীপুরের মডেল ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং তৃতীয় স্থান অর্জনকারী খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীদের হাতে ল্যাপটপ ও ক্রেস্ট তুলে দেন। এর আগে তিনি জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৫২টি স্টল ঘুরে দেখেন। সকালে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে শুরু হয়ে ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে এসে শেষ হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) আবুল কালাম আজাদ শোভাযাত্রার উদ্বোধন করেন।

**পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরে শিক্ষামন্ত্রী :** শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম আরও জোরদারের নির্দেশ দিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, সঠিকভাবে ও সময়মতো পরিদর্শন ও নিরীক্ষা না হলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কোনো জবাবদিহিতা থাকে না। গতকাল রোববার ঢাকায় শিক্ষাভবনে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) সম্মেলনকক্ষে অধিদপ্তরের ২৭ কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ল্যাপটপ বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন শিক্ষামন্ত্রী। অনুষ্ঠানে পরিদর্শন ও নিরীক্ষা এবং ই-ফাইলিং শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সনদও প্রদান করেন মন্ত্রী।

শিক্ষামন্ত্রী বলেন, পিয়ার পরিদর্শন বা সমজাতীয় একটি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন ও মূল্যায়ন নিরীক্ষা কার্যক্রমকে গতিশীল করেছে, যা শিক্ষার মানোন্নয়নে ভূমিকা রাখবে। পরিদর্শন ও নিরীক্ষা সঠিকভাবে প্রতিষ্ঠান পরিচালনা এবং প্রতিষ্ঠানের মানোন্নয়নে তাগিদ সৃষ্টি করে। দক্ষ প্রধান শিক্ষক বা অধ্যক্ষদের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের পিয়ার পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম গতিশীলতা পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। দুর্নীতির বিষয়ে জিরো টলারেন্স নীতির পুনরুল্লেখ করে নুরুল ইসলাম নাহিদ বলেন, ডিআইএর কর্মকর্তাদের কোনো দুর্নীতি সহ্য করা হবে না। ডিআইএর পরিচালক প্রফেসর আহমদ সাজ্জাদ রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামান, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্ম সচিব আহমদ শামীম আল-রাজী এবং ডিআইএর যুগ্ম পরিচালক বিপুল চন্দ্র সরকার বক্তৃতা করেন।